

এসএসসি পরীক্ষার ফল প্রকাশ আজ

বিশেষ প্রতিনিধি

১২ মে, ২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হবে আজ রবিবার। এর মাধ্যমে প্রায় ২০ লাখ শিক্ষার্থীর অপেক্ষার অবসান হবে। সকাল ১০টায় গণভবনে শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী শিক্ষা বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলের অনুলিপি তুলে দেবেন। দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে ফলের বিস্তারিত তুলে ধরা হবে।

এর পর থেকেই শিক্ষা বোর্ডের ওয়েবসাইট, যেকোনো মোবাইল ফোনে এসএমএস এবং নিজেদের শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীরা তাদের ফল জানতে পারবে। এসএমএসেফল জানতে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর স্পেস রোল স্পেস পাসের বছর লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।